**AuthorAID Tips of the Week**

**#1– #25**

**By Bernard Appiah**

**(Posted 1 December 2010–17 May 2011)**

**Tip of the Week #1**

আপনি যেই বিষয়ে লেখার চিন্তা-ভাবনা করেছেন সেই বিষয়ে অন্যেরা কোন লেখা প্রকাশ করেছে কিনা সে সম্পর্কে জানতে চাইলে, আপনি নিজের লেখার শিরোনাম (আর্টিকেল টাইটেল) থেকে কিছু গুরুত্বপূর্ণ শব্দ (কীওয়ার্ড) ব্যবহার করে প্রকাশিত লেখাগুলো খুঁজতে (সার্চ করতে) পারেন। এভাবে আপনি আপনার নির্বাচিত বিষয় সম্পর্কে কোন তথ্যের ঘাটতি আছে কিনা তা বের করতে পারবেন।

**Tip of the Week #2**

একটি নির্জন জায়গায় আপনার নিজের লেখাটি জোড়ে জোড়ে পড়ুন। নিজে পড়লে এবং শুনলে আপনি ভুলগুলো সহজেই ধরতে পারবেন, যা খালি চোখে ধরা পড়েনি।

**Tip of the Week #3**

একটি জার্নালে আপনার লেখা জমা দেবার আগে, অন্য কাউকে সেটি পড়তে দিন। কিন্তু প্রথমে নিজেই সেটি প্রিন্ট করুন এবং কোন ভুল থাকলে তা সংশোধন (এডিট) করুন। কম্পিউটারের পর্দায় তাকিয়ে সব ভুল ধরতে পারবেন এমন ধারণা ঠিক নয়।

**Tip of the Week #4**

লেখকের জীবনে প্রত্যাখ্যান (রিজেকশন) আসবেই। প্রায় সব নামকরা অভিজ্ঞ বিজ্ঞানীদের লেখা পেপার অথবা প্রস্তাবনা (প্রোপোসাল) প্রত্যাখিত হয়েছে। প্রত্যাখান হবার ভয় পেয়ে কখনো লেখালেখি থেকে দূরে সরে যাবেন না।

**Tip of the Week #5**

আপনি যখন কোন গবেষণা পেপার লেখেন, তা রিভিউ করার আগে কিছু সময়ের জন্য বিরতি নিন। একটু বিরতি নিয়ে পেপারটি আবার পড়লে সহজেই ভুলগুলো চোখে পড়বে।

**Tip of the Week #6**

আপনি যখন কোন পিয়ার রিভিউড জার্নালে প্রথমবারের মতো লেখা প্রকাশ করছেন, একক লেখক (সিঙ্গেল অথোর) হিসেবে লেখা প্রকাশ না করাই শ্রেয়। এক্ষেত্রে কখনো নির্জন দ্বীপের বাসিন্দা না হওয়াই ভালো। নিজের শিক্ষক/মেন্টর অথবা বন্ধুদের সাথে মিলিতভাবে পেপার লেখার কথা ভেবে দেখুন।

**Tip of the Week #7**

কোন জার্নালে প্রকাশের জন্য একটি গবেষণা প্রবন্ধ/পেপার লেখার আগে, ঐ জার্নালটি সম্পর্কে জানার চেষ্টা করুন। এতে আপনি জার্নালটিতে লেখকদের উদ্দেশে কী কী নির্দেশনা দেয়া আছে তা
বিস্তারিত জানতে এবং মেনে চলতে পারবেন। একইসাথে, কোন ধরণের লেখাগুলো প্রকাশ করতে ঐ জার্নালের আগ্রহ আছে আপনি তাও বুঝতে পারবেন।

**Tip of the Week #8**

আপনার লেখাটি যারা পড়বে (অডিয়েন্স) তারা যেন সহজেই বুঝতে পারে সেজন্য সহজ ভাষা ব্যবহার করুন। বড়/কঠিন শব্দ ব্যবহার করে ইংরেজি বিদ্যা জাহির করতে যাবেন না।

**Tip of the Week #9**

আপনার গবেষণার ক্ষেত্রে খুব নামকরা বিজ্ঞানীদের একটি তালিকা তৈরি করুন। আপনি যদি তাদের সাথে যোগাযোগ করতে পারেন তাহলে বেশ ভালো হয়। আপনি তাঁদের কাছ থেকে অনেক কিছু শিখতে পারবেন। পরবর্তীতে, তাঁরাই হয়তো আপনার প্রকাশিতব্য পেপারের রিভিউয়ার হতে পারেন।

**Tip of the Week #10**

একটি গবেষণা প্রবন্ধ লিখতে যথেষ্ট রিভিশন করা দরকার হয়। থিওলোজী-র একজন সহকারী অধ্যাপক এবং অন্তত ৭০ টি আর্টিকেলের লেখক, অ্যাডাম এ.জে. ডেভিল বলেছেন যে, "যেকোন গুরুত্বপূর্ণ লেখা যদি অন্তত তিনবার সংশোধন না করা হয় তবে তা পড়ার যোগ্যই হয় না"।

**Tip of the Week #11**

আপনার আর্টিকেলে যখন কোন উক্তির/বক্তব্যের রেফারেন্স (সোর্স) উল্লেখ করবেন, তা মূল লেখাতে ফিরে গিয়ে অন্তত তিনবার ভালোভাবে পড়ে নিবেন। এতে আপনি অন্যের নামে ভুল উক্তি/বক্তব্য বসিয়ে দেবার মতো ভুল এড়াতে পারবেন। এক্ষেত্রে সেই রেফারেন্স/সোর্সগুলোর প্রতি বিশেষ নজর রাখতে হবে যেগুলো হাতে লিখে অথবা টাইপ করে রেফারেন্স তৈরি করা হয়েছে, যেমন নন-ইলেকট্রিক পেপার।

**Tip of the Week #12**

অনেক সময় একটি জার্নাল আর্টিকেলে অন্য আরেকটি জার্নাল আর্টিকেলের উক্তি/বক্তব্য উপস্থাপন করা হয়। আপনি কোন উক্তি আপনার লেখায় ব্যবহার করতে চাইলে ঐ উক্তি/বক্তব্য যেই লেখা থেকে নেয়া হয়েছে সেই মূল লেখাটি পড়ুন এবং তা সঠিক কিনা যাচাই করুন।

**Tip of the Week #13**

অল্প কথায় গুছিয়ে লিখুন। যেমন, যদি বলি "whether or not", এখানে "or not" না বললেও একই অর্থ বোঝায়। তাই শুধু "whether" লিখলেই চলে।

**Tip of the Week #14**

আপনি মোট কতগুলো রেফারেন্স ব্যবহার করলেন তা আপনার নিজের গবেষণার বিষয় সম্পর্কে জ্ঞানের পরিধি নির্দেশ করে না। বরং আপনার বিষয়ের সাথে সবচেয়ে প্রাসঙ্গিক রেফারেন্সগুলো ব্যবহার করেছেন কিনা সেটি বিবেচ্য।

**Tip of the Week #15**

লেখার আগে লেখা শুরু করার প্রস্তুতি দরকার। এই পর্যায়ে আপনি কোন কোন বিষয়ে লিখবেন তার একটি আউটলাইন স্থির করুন, যা আপনার লেখার সময় দিকনির্দেশনা হিসেবে কাজ করবে।

**Tip of the Week #16**

লেখালেখি একটি দীর্ঘ যাত্রা যা আপনাকে শুরু করতে হয়, চালিয়ে যেতে হয় এবং একসময় শেষ করতে হয়। লেখালেখির কোন পর্যায়ে আপনি যখনই কোন বাঁধার সম্মুখীন হবেন, একটু থেমে তা চিহ্নিত করুন, পূর্ণ উদ্যমে আবার লিখতে থাকুন যতক্ষণ পর্যন্ত না লেখা সম্পন্ন হয়।

**Tip of the Week #17**

জার্নালে প্রদত্ত লেখক নির্দেশনায় অনেক সময় নির্দিষ্ট স্টাইল গাইড অথবা ম্যানুয়েল অনুযায়ী লিখতে উদ্বুদ্ধ করা হয় - যেই বইগুলোতে গবেষণার বিশেষ ক্ষেত্রে লেখালেখি প্রসঙ্গে পরামর্শ থাকে। আপনি যদি মনে করেন আপনার কোন প্রশ্নে জার্নালের লেখক নির্দেশনায় কোন উত্তর পাচ্ছেন না, তাহলে আপনি এ ধরণের গাইডগুলো পড়ে দেখতে পারেন।

**Tip of the Week #18**

আপনার গবেষণার ফলাফল (রেজাল্ট) সম্পর্কে লিখতে অতিরিক্ত বিশেষণ (যেমন “striking”, “interesting”, “excellent”) ব্যবহার করবেন না। কারণ আপনার গবেষণায় প্রাপ্ত ফলাফল পড়ে পাঠকরা নিজেরাই মূল্যায়ন করবে।

**Tip of the Week #19**

আপনার গবেষণার মূল উদ্দেশ্য (অবজেকটিভ) এবং লেখার বিভিন্ন অংশ, যেমন মেথড, রেজাল্ট, উপসংহার যেন সামঞ্জস্যপূর্ণ হয় সেদিকে খেয়াল রাখতে হবে। যদি কোন খাপ-ছাড়া ভাব লক্ষ্য করেন, তবে আবার শুরু থেকে পড়ুন এবং সামঞ্জস্য আনুন।

**Tip of the Week #20**

আপনার গবেষণার রেজাল্ট সুন্দরভাবে উপস্থাপন করতে টেবিল এবং ফিগার ব্যবহার করতে পারেন। কিন্তু মনে রাখতে হবে যে, কিছু টেবিল এবং ফিগার শুধু পাওয়ারপয়েন্ট প্রেসেন্টেশন তৈরির জন্যই মানানসই, জার্নাল আর্টিকেলের জন্য নয়।

**Tip of the Week #21**

একটি ডিসারটেশন অথবা থিসিস লেখা এবং জার্নালের জন্য আর্টিকেল লেখা এক নয়। ডিসারটেশন অথবা থিসিসে অনেক দীর্ঘ বর্ণনা থাকে। তবে এর সবটুকুই জার্নাল আর্টিকেলে আসবে না।

**Tip of the Week #22**

অনেকগুলো প্রকাশিত গবেষণা প্রবন্ধ থাকা খুবই ভালো। তবে একটি ছোট গবেষণা থেকে অনেকগুলো পেপার লেখা থেকে বিরত থাকুন। একে “salami science” বলা হয়, এবং তা না করাই শ্রেয়।

**Tip of the Week #23**

আপনার নির্ধারিত (টার্গেট) জার্নালে প্রকাশিত অন্য আর্টিকেলগুলোকে মডেল হিসেবে ব্যবহার করে পেপার লেখা বুদ্ধিমানের কাজ। তবে তা যেন নতুন আর্টিকেল হয় তা নিশ্চিত করুন। কোন কোন জার্নালের নিয়মকানুন প্রায়ই সময়ের সাথে বদলে যায়।

**Tip of the Week #24**

সংখ্যায় প্রকাশ করলে আপনার বক্তব্য আরো জোড়ালো হয়। তবে শতকরা (percentages/proportions) ব্যবহার করলে পাঠককে অবশ্যই মূল সংখ্যাও জানাতে হবে। যদি কোন গবেষক লেখেন যে "৩৩.৩% ইঁদুর মারা গেছে, ৩৩.৩% পালিয়ে গেছে এবং ৩৩.৩% সুস্থ সবল হয়ে গেছে", তাহলে প্রথমেই আমাদের জানতে হবে কতগুলো ইঁদুর ছিলো। হয়তো শুধু তিনটি ইঁদুরই ছিলো !

**Tip of the Week #25**

যদি আপনার লেখা প্রাথমিক ড্রাফট পড়ে পাঠকেরা একেকজন একেক রকম অর্থ বুঝে, সেক্ষেত্রে আপনার পেপার লেখার সময় আরো পরিষ্কার ভাষা ব্যবহার করতে হবে।